দৈনিক সংবাদ

তারিখ ............
পৃষ্ঠা ১ কলাম ৫

[redacted] 04 2002

# আরও এক স্কুলছাত্র অপহরণ

নিজস্ব বার্তা পরিবেশক ঃ পুরনো ঢাকায় মিতক হাসান (১১) নামে আরও এক স্কুলছাত্র অপহৃত হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। সোমবার এ ঘটনা ঘটে। সে বংশাল হলিম্যারি স্কুলের ছাত্র বলে জানা গেছে।

সূত্র জানায়, সোমবার মিতক ১৮ নম্বর রজনী বোস লেনের বাসা থেকে বংশাল হলিম্যারি স্কুলে যায়। এরপর থেকে সে নিখোঁজ। তার বাবা হাবিবুর রহমান একজন ব্যবসায়ী।

পরিবারের ধারণা, তাকে টাকার লোভে

অপহরণ ঃ পৃঃ ২ কঃ ৫

## অপহরণ ঃ ছাত্র

(১ম পৃষ্ঠার পর)

অপহরণ করা হয়েছে। তবে গতকাল পর্যন্ত অপহরণকারীরা পরিবারের কাছে মুক্তিপণ দাবি করেনি। এ ঘটনায় কেউ গ্রেফতার হয়নি।

এ ব্যাপারে গতকাল রাতে কোতোয়ালি থানায় ফোন করলে ডিউটি অফিসার এসআই মনির জানান, অভিযোগ শুনেছি। তবে কেউ থানায় জিডি বা মামলা করেনি; যার কারণে সত্যতা নিশ্চিত হওয়া যায়নি।